

বাংলাদেশ ওয়েলফেয়ার সোসাইটি, ক্যাম্বেলটাউন ইনক বাৎসরিক শীতের পিঠা উৎসব ২০১০

BWSC report: খুব উল্লাস আর আনন্দের সাথে অনুষ্ঠিত হয়ে গেল বাংলাদেশ ওয়েলফেয়ার সোসাইটি ক্যাম্বেলটাউন আয়োজিত বাৎসরিক শীতের পিঠা উৎসব ২০১০। শীতের পিঠা যে শুধুই পিঠা নয় আর এর সাথে জড়িত আছে আমাদের ঐতিহ্য সেই সাথে বাংলার সর্বস্তরের মানুষের আবেগ আর ভালবাসা। এই অনুভূতি আর ঐতিহ্যকে ধরে রাখতেই



বাংলাদেশ ওয়েলফেয়ার সোসাইটি ক্যাম্বেলটাউন (BWSC) প্রতি বছর অস্ট্রেলিয়ায় শীতের মৌসুমে আয়োজন করে থাকে বাৎসরিক শীতের পিঠা উৎসব।

সবার জন্য উন্মুক্ত এই উৎসবটিতে শীতের পিঠা খেতে আর আমাদের আনন্দে অংশ নিতে এসেছিলেন গন্যমান্য আনেকেই - যাদের মাঝে ছিলেনঃ Honorary Consuls General of Bangladesh Mr. Anthony Khouri, Australian Federal MP Hon Laurie Ferguson, Mr Chris Hayes, Mayor Campbelltown City Council, Cr. Aaron Rule এবং Cr. Anoulack Chanthivong.

আত্যন্ত প্রানবন্ত এবারের উৎসবে ছিল হরেক রকমের পিঠার সমাহার, ভাপা পিঠা, তেলের পিঠা, দুধের পিঠা, সেমাই পিঠা, নারিকেল জাম, নারিকেল পাকন, পনির মাংস পুলি ইত্যাদি। পিঠার পাশাপাশি সবাই যেন মুখ ঝাল করতে পারে সেজন্য ছিল লুচি, সবজি আর বিরিয়ানি। পিঠার ভরপুর আয়োজনের পাশাপাশি ছিল গান-বাজনার আয়োজন। উৎসবে শিল্পী আতিক হেলালের পরিচালনায় বাংলার কণ্ঠের শিল্পীদের অনেকেই গান পরিবেশন করেছেন যার মাঝে উল্লেখ্য মিতা, মিঠু, ইতানা, সুমন এবং বাবু। এ ছাড়াও আনুষ্ঠানে গান পরিবেশন করেন বাংলাদেশ থেকে আগত নব্বই দশকের প্রখ্যাত কণ্ঠ-শিল্পী পলাশ। পলাশের পরিবেশিত গান শ্রোতাদের মুগ্ধ করেছে সেই সাথে পিঠা উৎসবকে করেছে সাফল্যময়।

আনুষ্ঠানে অস্ট্রেলিয়া থেকে বাংলাদেশীদের জন্য জনহিতকর কর্মকাণ্ডে অবদান রাখার জন্য এখানকার গ্রামীন সাপোর্ট গ্রুপের প্রতিষ্ঠাতা জনাব নজরুল ইসলামকে সম্মানজনক পুরস্কার প্রদান করা হয়। কমিটির পক্ষ থেকে ভাইস প্রেসিডেন্ট জনাব মাইনুল ইসলাম ও জয়েন্ট সেক্রেটারি জনাব আব্দুল গফুরকে কমিটির কাজে বিশেষ ভূমিকা রাখার জন্য পুরস্কার প্রদান করা হয়।